



২৬০

কলেজে মাষ্টার্স ডিগ্রী

আমাদের জগন্নাথ কলেজে বিশ্ববিদ্যালয়ের মত প্রায় অধিকাংশ বিষয়েই অনার্স কোর্স চালু আছে। প্রতিটি বিষয়ে শিক্ষার্থীর সংখ্যা বিশ্ববিদ্যালয়ের যে কোন বিষয়ের চাইতে বেশী। গণিতের ছাত্র হিসাবে আমি উক্ত বিভাগের কথাই কিছুটা নিবেদন করিতেছি। বিশ্ববিদ্যালয়ে এই বিষয়ে শিক্ষক ২৭ জন, অথচ আমাদের কলেজে আছেন মাত্র ৭ জন। একদিকে শিক্ষকের স্বল্পতা অপর দিকে শিক্ষার্থীর আধিক্যের কারণে কোনো শিক্ষকের পক্ষেই সৃষ্টিভাবে ক্লাস নেওয়া বা শিক্ষার্থীদের প্রতি সুনজর দেওয়া সম্ভব হয় না। তাই অনার্স অথবা মাষ্টার্স ডিগ্রিতে পড়িয়াও আমাদের প্রতিটি বিষয়ের উপর 'প্রাইভেট' পড়িতে হয়। আমাদের মাষ্টার্স ডিগ্রিতে এমন কিছু বিষয় আছে (যেমন : ফলিত গণিত ইত্যাদি) যাহার কোনো শিক্ষক আমাদের কলেজে নাই। অপরদিকে গণিতের 'বাস্তব বিশ্লেষণ' নামক অপরিহার্য বিষয়টি এখানে পড়ানো হয় না। বিষয়টি খুবই কঠিন হওয়ায় কেহই পড়াইতে চান না। এমতাবস্থায় আমাদের এখানে মাষ্টার্স ডিগ্রী চালু রাখা মানে শিক্ষার নামে কুশিক্ষার প্রসার এবং দেশের শিক্ষা ব্যবস্থার মধ্যে বৈষম্য সৃষ্টি করা।

—শফিউর রহমান শিক্ষদার,
গণিত (সম্মান) শেষ বর্ষ, জগন্নাথ
কলেজ, ঢাকা।